

“একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে”

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর

কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং- শাখা-৪/বিবিধ-১৯২/২০১৬/৭৩২(৯)/৩

তারিখঃ- ২২-১২-২০১৬ খ্রিঃ।

প্রাপক-

১-৬৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
..... (সকল)।

বিষয়ঃ- মাননীয় প্রধানমন্ত্রীর সচিবালয়ের উদ্যোগে এবং জেলা ও উপজেলা প্রশাসনের আয়োজনে আগামী ০৯, ১০ ও ১১ জানুয়ারি ২০১৭ তারিখে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য “উন্নয়ন মেলা” তে সক্রিয় অংশ গ্রহন নিশ্চিতকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর সচিবালয়ের উদ্যোগে এবং জেলা ও উপজেলা প্রশাসনের আয়োজনে আগামী ০৯, ১০ ও ১১ জানুয়ারি ২০১৭ তারিখে দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে “উন্নয়ন মেলা” অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় প্রাণিসম্পদ অধিদপ্তরের সকল জেলা ও উপজেলা দপ্তর সমূহকে সক্রিয়ভাবে অংশ গ্রহন নিশ্চিতকরণে হবে এবং সফলভাবে প্রাণিসম্পদ বিভাগীয় কার্যক্রম মেলায় আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতঃ জনসাধারণকে উদ্বুদ্ধ করার ব্যবস্থা করতে হবে। মেলায় নিম্ন বর্ণিত বিষয়গুলো স্থান পাবে।

ক। প্রাণিসম্পদ বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি প্রদর্শন করতে হবে।

১। ব্যানার, পোস্টার, বুকলেট, লিফলেট ও ফেস্টুন প্রদর্শন করতে হবে।

২। ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করতে হবে।

খ। প্রাণিসম্পদ বিভাগীয় সেবা, উপকরণ ও টেনোলজি ইত্যাদি প্রদর্শন করতে হবে।

১। ঘাস, ২। কৃত্রিম প্রজনন সামগ্রী, ৩। কৃত্রিম প্রজনন ম্যানুয়েল, ৪। গবাদিপশু ও হাঁস-মুরগির খাদ্য, ৫।


ভ্যাকসিন, ৬। প্রাণিসম্পদের উদ্ভাবনীসমূহ ইত্যাদি।

গ। মাইক্রোস্কোপে সিমেন্ট প্রদর্শন করতে হবে।

ঘ। প্রদর্শনীতে অংশ গ্রহন সংক্রান্ত ব্যয় নিজ নিজ দপ্তরের আনুসাংগিক খাত থেকে নির্বাহ করতে হবে।

ঙ। ব্যানার, পোস্টার, বুকলেট, লিফলেট ও ফেস্টুন স্ব স্ব দপ্তর ব্যবস্থা করবে। প্রয়োজনে অধিদপ্তরে যোগাযোগ করেও সংগ্রহ করা যাবে।


চ। প্রাণিসম্পদ অধিদপ্তর থেকে ভিডিও ডকুমেন্টারির এক কপি প্রত্যেক জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণের নিকট সরবরাহ করা হবে। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণ উহা কপি করে অধিনস্থ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণের নিকট প্রেরণ করবেন।



ড. আবুল খায়ের

উপ-পরিচালক, প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১

পক্ষে-মহা-পরিচালক


প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

জ্ঞতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ-

১-৭। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা বিভাগ, যশোর/ বরিশাল/ সিলেট/ রংপুর/ময়মনসিংহ।

তথ্য প্রেরণের বিষয়টি নিবিড় তদারকী করতঃ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৮। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৯। পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

২। মূখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা- মূখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।